



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



জরুরি প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
ক্যাম্পাসে সংঘটিত ঘটনায় ৬ সদস্যের তদন্ত কমিটি গঠন ॥
বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ ॥
বহিরাগত ও অছাত্রদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৬ জুলাই ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত জরুরি সিডিকেট সভায় ক্যাম্পাসে সংঘটিত বিভিন্ন ঘটনায় পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শফি মুহাম্মদ তারেককে সভাপতি করে ৬ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। গত ১৪ জুলাই রাতে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হল সংলগ্ন এলাকায় এবং ১৫ জুলাই রাতে উপাচার্যের বাসভবন ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ওপর হামলা, উপাচার্যের বাসভবন ও গাড়ি ভাংচুরে জড়িতদের চিহ্নিত এবং শাস্তির সুপারিশ করার জন্য গঠিত এই তদন্ত কমিটিকে আগামী ১০ কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। সভায় বিশ্ববিদ্যালয়ে সংগঠিত অনাকাঙ্ক্ষিত ঘটনার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। আবাসিক হলে বহিরাগত ও অছাত্ররা অবস্থান করলে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট হল প্রভোস্টকে নির্দেশ দেওয়া হয়েছে। সভায় ১৫ জুলাই রাতে সংঘটিত অনাকাঙ্ক্ষিত ঘটনায় আহত শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের সুচিকিৎসা নিশ্চিত করা এবং সকল চিকিৎসা ব্যয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করার সিদ্ধান্ত নিয়েছে।

সভায় শিক্ষার্থীদের শান্তিপূর্ণভাবে স্ব-স্ব হলে অবস্থান করা এবং যে কোনো প্রকার গুজব-অপপ্রচার এবং নাশকতামূলক কাজ থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সকল গেইটে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত গেইট বন্ধ রাখা এবং যে কোনো পরিস্থিতিতে প্রভোস্টসহ হল প্রশাসনকে হলে অবস্থান করে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলা করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

